

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৫২২

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৬১. (ইস্তিগফার) ক্ষমা প্রার্থনা সম্পর্কে

باب فِي الاسْتِغْفَارِ

আরবী

حَدَّثَنَا عُبَيْدُ اللهِ بْنُ عُمَرَ بْنِ مَيْسَرَةَ، حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ يَزِيدَ الْمُقْرِئُ، حَدَّثَنَا حَيْوَةُ بْنُ مُسْلِم، يَقُولُ: حَدَّثَنِي أَبُو عَبْدِ الرَّحْمَنِ الْحُبُلِيُّ، عَنِ شُرَيْح، قَالَ: سَمِعْتُ عُقْبَةَ بْنَ مُسْلِم، يَقُولُ: حَدَّثَنِي أَبُو عَبْدِ الرَّحْمَنِ الْحُبُلِيُّ، عَنِ الْصَنْنَابِحِيِّ، عَنْ مُعَاذِ بْنِ جَبَل، أَنَّ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم أَخَذَ بِيَدِهِ وَقَالَ " يَا الْصَنْنَابِحِيِّ، عَنْ مُعَاذُ لاَ تَدَعَنَّ فِي دُبُرِ كُلِّ مُعَاذُ وَاللهِ إِنِّي لأُحِبُّكَ ". فَقَالَ " أُوصِيكَ يَا مُعَاذُ لاَ تَدَعَنَّ فِي دُبُرِ كُلِّ مَعَاذُ وَاللهِ إِنِّي لأُحِبُّكَ ". فَقَالَ " أُوصِيكَ يَا مُعَاذُ لاَ تَدَعَنَّ فِي دُبُرِ كُلِّ مَعَاذُ وَلاَةٍ بَقُولُ: اللَّهُمُّ أَعِنِي عَلَى ذِكْرِكَ وَشُكْرِكَ وَحُسْنِ عِبَادَتِكَ ". وَأَوْصَى بِذَلِكَ مُعَاذُ الصَنْنَابِحِيُّ أَبَا عَبْدِ الرَّحْمَنِ .

_ صحیح

বাংলা

১৫২২। মু'আয ইবনু জাবাল (রাঃ) সূত্রে বর্ণিত। একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার হাত ধরে বললেন, হে মু'আয! আল্লাহর শপথ! আমি অবশ্যই তোমাকে ভালবাসি, আল্লাহর শপথ! আমি অবশ্যই তোমাকে ভালবাসি। তিনি বললেন, হে মু'আয! আমি তোমাকে ওয়াসিয়াত করছি, তুমি প্রত্যেক সালাতের পর এ দু'আটি কখনো পরিহার করবে নাঃ ''আল্লাহুম্মা আঈন্নী 'আলা যিকরিকা ওয়া শুকরিকা ওয়া হুসনি 'ইবাদাতিকা'' (অর্থঃ হে আল্লাহ! আপনার স্মরণে, আপনার কৃতজ্ঞতা প্রকাশে এবং আপনার উত্তম 'ইবাদাতে আমাকে সাহায্য করুন)। অতঃপর মু'আয (রাঃ) আস-সুনাবিহী (রহঃ)-কে এবং আস-সুনাবিহী 'আবদুর রহমানকে এরূপ দু'আ করার ওয়াসিয়াত করেন।[1]

সহীহ।

English



Mu'adh b. Jabal reported that the Messenger of Allah (ﷺ) caught his hand and said:

By Allah, I love you, Mu'adh. I give some instruction to you. Never leave to recite this supplication after every (prescribed) prayer: "O Allah, help me in remembering You, in giving You thanks, and worshipping You well."

Mu'adh willed this supplication to the narrator al-Sunabihi and al-Sunabihi to 'Abu Abd al-Rahman.

ফুটনোট

[1] নাসায়ী (অধ্যায় : সাহু, অনুঃ দু'আর ভিন্ন পরিচ্ছদ, হাঃ ১৩০২), হাকিম (১/২৭৩) ইমাম হাকিম বলেন : এ হাদীসটি বুখারী ও মুসলিমের শর্তে সহীহ, তবে তারা এটি বর্ণনা করেননি। ইমাম যাহাবী তার সাথে একমত পোষণ করেছেন। আহমাদ (৫/২৪৪), ইবনু খুযাইমাহ (হাঃ ৭৫১)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ মু'আয বিন জাবাল (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন